# 22959 - এনিমা কি রোযাদারের রোযা ভেঙ্গে ফেলবে?

## প্রশ্ন

এনিমা দেয়ার হুকুম কী? রোযা রাখা অবস্থায় রোগীকে যে এনিমা দেয়

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কোষ্ঠকাঠিন্য ঠেকানোর জন্য রোগীদেরকে যে এনিমা ইনজেকশন দেয়া হয় আলেমগণ এর বিধান সম্পর্কে মতভেদ করেছেন। কেউ বলেছেন: যা কিছু পেটে পৌঁছে সেটা রোযা ভঙ্গকারী এ মূলনীতির ভিত্তিতে এটি রোযা ভঙ্গ করবে। অপর দল আলেম বলেন: এনিমা রোযা ভঙ্গ করবে না। যেসব আলেম এ অভিমত ব্যক্ত করেছেন তাদের মধ্যে রয়েছে ইবনে তাইমিয়া (রহঃ)। তিনি বলেন: এটি পানাহার নয়: কিংবা পানাহারের স্থলাভিষিক্তও নয়।

আমার অভিমত হল: এ ক্ষেত্রে ডাক্তারদের অভিমতের প্রতি নজর দেয়া। যদি ডাক্তারেরা বলেন: এটি পানাহারের মত; তাহলে এটাকে পানাহারের অধিভুক্ত করা আবশ্যক হবে এবং এটি রোযাভঙ্গকারী গণ্য হবে। আর যদি ডাক্তারেরা বলেন: পানাহার শরীরকে যা দেয় এটি শরীরকে সেটা দেয় না। তাহলে এটি রোযা ভঙ্গকারী হিসেবে গণ্য হবে না।